বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।
www.bb.org.bd

সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৬-০৩

১২ মাঘ, ১৪২২
তারিখ ঃ ------------------
২৫ জানুয়ারী, ২০১৬

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

**আমদানি নীতি আদেশ, ২০১২-২০১৫ এর আলোকে প্যারাফিন জাতীয় পদার্থ (এইচ এস হেডিং নং-২৭.১০) সহ অন্যান্য পেট্রোলিয়ামজাত পণ্য (এইচ এস কোড নং-২৭.০৯, ২৭.১০, ২৭.১১, ২৭.১২ ও ২৭.১৩) আমদানির লক্ষ্যে এলসি খোলার সময় বিইআরসি'র লাইসেন্স পরীক্ষা করা বাধ্যতামূলককরণ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) এর পত্র নম্বর-বিইআরসি/এলপিপি/লুব(গার্ডিয়ান)/২২৮/০১৩৫, তারিখ-০৭/০১/২০১৬, বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলার পত্র নম্বর-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৪-১৯, তারিখ-১৩/১০/২০১৪ এবং অত্র বিভাগ কর্তৃক প্রেরিত পত্র নম্বর-এফইপিডি(আমদানি নীতি)/১২৫/২০১৫-৮১৭৭, তারিখঃ ১৩/০৯/২০১৫ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর পত্রে প্যারাফিন জাতীয় পদার্থ (এইচ এস হেডিং নং-২৭.১০) আমদানির জন্য এলসি খোলার আগে বর্ণিত নির্দেশনা অনুমোদিত ডিলার ব্যাংকসমূহ কর্তৃক সঠিকভাবে পরিপালিত হচ্ছে না মর্মে উল্লেখ আছে, যা অনাকাঙ্ক্ষিত। অতএব, এইচ এস হেডিং নং-২৭.০৯, ২৭.১০, ২৭.১১, ২৭.১২ ও ২৭.১৩ এর অন্তর্ভূক্ত পেট্রোলিয়াম জাত পণ্য আমদানির নিমিত্তে এলসি স্থাপনের ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ইতোপূর্বে প্রদত্ত পরামর্শ অনুযায়ী সংশ্লিষ্ট আমদানিকারক বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ অনুসারে বিইআরসি হতে লাইসেন্স প্রাপ্ত কি না তা বাধ্যতামূলকভাবে পরীক্ষা করার জন্য সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার শাখাসমূহকে পুনঃনির্দেশনা দিতে আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকলকে বিষয়টি অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী

(মোঃ জাকির হোসেন চৌধুরী)
উপ মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন
টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।
ফ্যাক্স: +৮৮-০২-৮১৫৫৭৪৩, ওয়েব সাইট: www.berc.org.bd

নং- বিইআরসি/এলপিপি/লুব(গার্ডিয়ান)/২২৮/০১৬৫ তারিখ ঃ জানুয়ারী ০৭, ২০১৬।

**বিষয়ঃ আমদানি নীতি আদেশ, ২০১২-২০১৫ এর আলোকে প্যারাফিন জাতীয় পদার্থ (এইচ এস কোড নং- ২৭.১০) আমদানির লক্ষ্যে এলসি খোলার সময় বিইআরসি'র লাইসেন্স পরীক্ষা বাধ্যতামূলক করণ প্রসঙ্গে।**

সূত্রঃ (১) বিইআরসি'র পত্র নং- বিইআরসি/এলপিপি/লুব(গার্ডিয়ান)/২২৮/২৮৬৫, তারিখঃ সেপ্টেম্বর ০৯, ২০১৪।
(২) বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৪-১৯, তারিখঃ ১৩ অক্টোবর, ২০১৪।
(৩) বিইআরসি'র পত্র নং- বিইআরসি/এলপিপি/লুব(গার্ডিয়ান)/২২৮/৩৪২৬, তারিখঃ আগস্ট ৩১, ২০১৫।

উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষনপূর্বক জানানো যাচ্ছে যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) আইন, ২০০৩ এর ২৭ ও ২৮ ধারা, আমদানি নীতি আদেশ, ২০১২-২০১৫ এর ৬ষ্ঠ অধ্যায় ধারা ২৬ এর উপধারা ২৫, ২৭(গ) ও ২৭(ঘ) এবং বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলার পত্র এর অনুলিপি এতদসঙ্গে সংযোজিত এবং যা স্বব্যাখ্যাত।

২। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর ২৭ ও ২৮ ধারা অনুসারে পেট্রোলিয়ামজাত পণ্য (প্রক্রিয়াজাত বা অপ্রক্রিয়াজাত তরল কিংবা কঠিন হাইড্রোকার্বনের মিশ্রণ এবং পেট্রোলিয়াম উপজাত) মজুদকরণ, বিপণন ও বিতরণ ব্যবসা এবং নিজস্ব ব্যবহারে নিয়োজিত ব্যক্তি/প্রতিষ্ঠানকে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন হতে লাইসেন্স গ্রহণ বাধ্যতামূলক। যেহেতু আমদানি নীতি আদেশ, ২০১২-২০১৫ অনুযায়ী পেট্রোলিয়াম জাতীয় পণ্য (এইচ এস হেডিং নং-২৭.০৯, ২৭.১০, ২৭.১১, ২৭.১২ ও ২৭.১৩) আমদানি নিয়ন্ত্রিত পণ্য সেহেতু বর্ণিত পেট্রোলিয়াম জাতীয় পণ্য আমদানির পূর্বে বিইআরসি এর লাইসেন্স ছাড়া এলসি খোলা বর্ণিত আইনের পরিপন্থী।

৩। তদুপরি, ডিসেম্বর ১৯, ২০১২ তারিখে বানিজ্য মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত এস.আর.ও নং-৪১১-আইন/২০১২-Imports & Exports (Control) Act, 1950 এর Section 3(1) এ আমদানি নীতি আদেশ, ২০১২-২০১৫ এর ৬ষ্ঠ অধ্যায় ধারা ২৬ এর উপধারা ২৫, ২৭(গ) ও ২৭(ঘ) মোতাবেক পেট্রোলিয়ামজাত পণ্য (এইচ এস হেডিং নং-২৭.০৯, ২৭.১০, ২৭.১১, ২৭.১২ ও ২৭.১৩) আমদানির পূর্বে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের লাইসেন্স গ্রহণের নির্দেশনা রয়েছে।

৪। সাম্প্রতিক সময়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সূত্রস্থ ২নং পত্রে পেট্রোলিয়াম জাতীয় পণ্য আমদানির লক্ষ্যে এলসি খোলার সময় বিইআরসি'র লাইসেন্স পরীক্ষা করা বাধ্যতামূলক করে সংশ্লিষ্ট সকল তফসিলী ব্যাংককে নির্দেশনা দেয়া হয়। কিন্তু প্যারাফিন জাতীয় পদার্থ পেট্রোলিয়ামজাত পণ্যের অন্তর্ভূক্ত হওয়া সত্ত্বেও উহা আমদানির ক্ষেত্রে আমদানীকারকদের কাছে বিইআরসির লাইসেন্স রয়েছে কি না ব্যাংকগুলো তা পরীক্ষা না করে এলসি খুলছে। ফলে আমদানিকৃত মালামাল বন্দরে পৌঁছালে বিইআরসির লাইসেন্স ব্যতিরেকে কাস্টমস কর্তৃপক্ষ হতে মালামাল খালাস করতে না পারায় আমদানিকারী প্রতিষ্ঠানসমূহ ডেমারেজ এড়ানোর জন্য বন্দর থেকে তা খালাসের নিমিত্ত দ্রুত লাইসেন্স প্রদানের জন্য কমিশনে চাপ সৃষ্টি করতে থাকে। ফলশ্রুতিতে আমদানীকারকদের লাইসেন্স প্রাপ্তির পূর্বশর্তসমূহ প্রতিপালন করা দুরূহ হয়ে পড়ে।

৫। এ অবস্থা হতে উত্তরণের লক্ষ্যে প্যারাফিন জাতীয় পদার্থ (এইচ এস হেডিং নং-২৭.১০) আমদানির জন্য এলসি খোলার আগে সংশ্লিষ্ট ব্যক্তি/প্রতিষ্ঠান বিইআরসি'র লাইসেন্স প্রাপ্ত কিনা তা পরীক্ষা করে এলসি খোলার জন্য তফসিলী ব্যাংকসমূহকে (সূত্রস্থ ২ নং পত্রের নির্দেশনা) কঠোরভাবে পরিপালনের নির্দেশ প্রদানের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনানুযায়ী।

০৭/০১/২০১৬
শায়লা ইয়াসমিন
উপ- পরিচালক (প্রশাসন)
ও
সচিবের দায়িত্বে

**গভর্নর**
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ২য় এনেক্স বিল্ডিং
মতিঝিল, ঢাকা-১০০০।

**অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)ঃ**

০১। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লিমিটেড, ৩৫-৪২, ৪৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

০২। ব্যবস্থাপনা পরিচালক, অগ্রণী ব্যাংক লিমিটেড, ৯ডি, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

০৩। ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড, ১১০ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

০৪। ব্যবস্থাপনা পরিচালক, পূবালী ব্যাংক লিমিটেড, ২৬, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

০৫। ব্যবস্থাপনা পরিচালক, রূপালী ব্যাংক লিমিটেড, রূপালী ভবন, ৩৪, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

০৬। ব্যবস্থাপনা পরিচালক, বেসিক ব্যাংক লিমিটেড, সেনা কল্যান ভবন (৬ষ্ঠ তলা), ১৯৫, , মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

০৭। ব্যবস্থাপনা পরিচালক, ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, ইসলামী ব্যাংক টাওয়ার, ৪০, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

০৮। ব্যবস্থাপনা পরিচালক, আল-আরাফাহ ইসলামী ব্যাংক লিমিটেড, পিপলস্ ইন্সুরেন্স ভবন (৭ম-১০ম তলা), ৩৬, দিলকুশা, বা/এ, ঢাকা-১০০০।

০৯। ব্যবস্থাপনা পরিচালক, উত্তরা ব্যাংক ব্যাংক লিমিটেড, উত্তরা ব্যাংক ভবন, ৪৭ বীর উত্তম শহীদ আশফাক-উস সামাদ রোড, (৯০ মতিঝিল বা/এ), ঢাকা-১০০০।

১০। ব্যবস্থাপনা পরিচালক, এ বি ব্যাংক লিমিটেড, বিসিআইসি ভবন, ৩০-৩১ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

১১। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড, ইউনুস ট্রেড সেন্টার, (লেভেল-২২), ৫২-৫৩ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

১২। ব্যবস্থাপনা পরিচালক, সাউথ ইষ্ট ব্যাংক লিমিটেড, ইউনুস ট্রেড সেন্টার, ৫২-৫৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

১৩। ব্যবস্থাপনা পরিচালক, দি সিটি ব্যাংক লিমিটেড, সিটি ব্যাংক সেন্টার, ১৩৬, গুলশান এভিনিউ, গুলশান-২, ঢাকা-১২১২।

১৪। ব্যবস্থাপনা পরিচালক, ব্যাংক এশিয়া লিমিটেড, র‌্যাংগস টাওয়ার (৩-৬তলা), ৬৮, পুরানা পল্টন, ঢাকা-১০০০।

১৫। ব্যবস্থাপনা পরিচালক, ব্র্যাক ব্যাংক লিমিটেড, ১, গুলশান-১, ঢাকা-১২১২।

১৬। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ব্যাংক লিমিটেড, বিমান ভবন, (২য় তলা), ১০০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

১৭। ব্যবস্থাপনা পরিচালক, ডাচ্-বাংলা ব্যাংক লিমিটেড, সেনা কল্যান ভবন (৫ম তলা), ১৯৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

১৮। ব্যবস্থাপনা পরিচালক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, বুলুস সেন্টার, প্লট-সিডব্লিউএস- (এ)-১, রোডনং-৩৪, গুলশান এভিনিউ-ঢাকা-১২১২।

১৯। ব্যবস্থাপনা পরিচালক, ইষ্টার্ণ ব্যাংক লিমিটেড, ১০, দিলকুশা বা/এ, জীবন বীমা ভবন, ঢাকা-১০০০।

২০। ব্যবস্থাপনা পরিচালক, ওয়ান ব্যাংক লিমিটেড, এইচ আর সি ভবন (২বিডি-৭ম তলা), ৪৬ কারওয়ান বাজার, বা/এ, ঢাকা-১২১৫।

২১। ব্যবস্থাপনা পরিচালক, প্রাইম ব্যাংক লিমিটেড, আদমজী কোর্ট, এনেক্স বিল্ডিং-২, ১১৯-১২০, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

২২। ব্যবস্থাপনা পরিচালক, মিউচুয়াল ট্রাষ্ট ব্যাংক লিমিটেড, এম টি বি সেন্টার, ২৬, গুলশান এভিনিউ, প্লট-৫, ব্লক এসই (ডি), গুলশান-১, ঢাকা-১২১২।

২৩। ব্যবস্থাপনা পরিচালক, স্ট্যান্ডার্ড ব্যাংক লিমিটেড, মেট্রোপলিট্রন চেম্বার বিল্ডিং (৪র্থ তলা), ১২২-১২৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

২৪। ব্যবস্থাপনা পরিচালক, আই এফ আই সি ব্যাংক লিমিটেড, ডিবিএল বিল্ডিং, ৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।

২৫। ব্যবস্থাপনা পরিচালক, যমুনা ব্যাংক লিমিটেড, ২, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

২৬। ব্যবস্থাপনা পরিচালক, ন্যাশনাল ব্যাংক লিমিটেড, ১৮, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

২৭। ব্যবস্থাপনা পরিচালক, ন্যাশনাল ক্রেডিট এন্ড কমার্স ব্যাংক লিমিটেড, ৭-৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

২৮। ব্যবস্থাপনা পরিচালক, মার্কেন্টাইল ব্যাংক লিমিটেড, ৬১, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

২৯। ব্যবস্থাপনা পরিচালক, ফার্ষ্ট সিকিউরিটি ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড, হাউজ-এসডব্লিউ (১), ১/এ, রোড-৮, গুলশান-১, ঢাকা-১২১২।

৩০। ব্যবস্থাপনা পরিচালক, ট্রাষ্ট ব্যাংক লিমিটেড, পিপলস্ ইন্সুরেন্স ভবন, ৩৬, দিলকুশা, বা/এ, ঢাকা-১০০০।

৩১। ব্যবস্থাপনা পরিচালক, প্রিমিয়ার ব্যাংক লিমিটেড, ইকবাল সেন্টার, ৪২, কামাল আতাতুর্ক এভিনিউ, বনানী ঢাকা-১২১৩।

৩২। ব্যবস্থাপনা পরিচালক, আইসিবি ইসলামী ব্যাংক লিমিটেড, টি কে ভবন (১৬তলা), ১৩ কাজী নজরুল ইসলাম এভিনিউ, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

৩৩। ব্যবস্থাপনা পরিচালক, শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড, উদয় সান্‌ঝ, প্লট নং- এসই (এ), ২/বি, গুলশান সাউথ এভিনিউ, গুলশান-১, ঢাকা-১২১২।

[পরবর্তী পৃষ্ঠা দ্রষ্টব্য]

৩৪। ব্যবস্থাপনা পরিচালক, সোস্যাল ইসলামী ব্যাংক লিমিটেড, ১০৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

৩৫। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড, ইউনুস ট্রেড সেন্টার, (লেভেল-২২), ৫২-৫৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

৩৬। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড, ৮, রাজউক এভিনিউ, ঢাকা-১০০০।

৩৭। কান্ট্রি চীফ এক্সিকিউটিভ অফিসার, স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক, ৬৭, গুলশান এভিনিউ, গুলশান, ঢাকা-১২১২।

৩৮। চীফ এক্সিকিউটিভ অফিসার, দি হংকং এন্ড সাংহাই ব্যাংকিং কর্পোরেশন লিমিটেড (এইচ এস বি সি), লেভেল-৪, সান্টা ওয়েষ্টার্ণ টাওয়ার, ১৮৬, বীর উত্তম মীর শওকত আলী রোড, তেজগাঁও বানিজ্যিক এলাকা, ঢাকা-১২০৮।

৩৯। কান্ট্রি ম্যানেজার, কমার্শিয়াল ব্যাংক অব সিলন পিএলসি, হাদী ম্যানশন, ২, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

৪০। সি.ই.ও, স্টেট ব্যাংক অব ইন্ডিয়া, ২৪-২৫, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

৪১। সি.ই.ও, ওরি ব্যাংক (Woori Bank), সুভাস্তু ইমাম স্কয়ার, ৬৫, গুলশান এভিনিউ, ঢাকা-১২১২।

৪২। ব্যবস্থাপনা পরিচালক, সি টি ব্যাংক বাংলাদেশ, ১০৯ গুলশান এভিনিউ, ঢাকা-১২১২।

৪৩। কান্ট্রি অপারেশন হেড, ব্যাংক আল-ফালাহ্ লিমিটেড, ৫, রাজউক এভিনিউ, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

৪৪। ব্যবস্থাপনা পরিচালক, হাবিব ব্যাংক লিমিটেড, সাউথ এভিনিউ টাওয়ার, ৭, গুলশান এভিনিউ (২য় তলা), গুলশান-১, ঢাকা-১২১২।

৪৫। ব্যবস্থাপনা পরিচালক, মেঘনা ব্যাংক লিমিটেড, ডরিন টাওয়ার (লেভেল-০৭-০৮), ৬-এ নর্থ এভিনিউ সি.এ, গুলশান-২, ঢাকা-১২১২।

৪৬। ব্যবস্থাপনা পরিচালক, এন আর বি ব্যাংক লিমিটেড, রিচমন্ড কনকর্ড (৮ম তলা), ৬৮, গুলশান এভিনিউ, গুলশান-১, ঢাকা-১২১২।

৪৭। ব্যবস্থাপনা পরিচালক, এন আর বি কমার্শিয়াল ব্যাংক লিমিটেড, ১১৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

৪৮। ব্যবস্থাপনা পরিচালক, এন আর বি গ্লোবাল ব্যাংক লিমিটেড, খন্দকার টাওয়ার, ৯৪, গুলশান এভিনিউ, গুলশান-১, ঢাকা-১২১২।

৪৯। ব্যবস্থাপনা পরিচালক, ইউনিয়ন ব্যাংক লিমিটেড, বাহেলা টাওয়ার, ৭২ গুলশান এভিনিউ, গুলশান-১, ঢাকা-১২১২।

৫০। ব্যবস্থাপনা পরিচালক, দি ফার্মার্স ব্যাংক লিমিটেড, জব্বার টাওয়ার, প্লট-৪২, রোড-১৩৫, গুলশান এভিনিউ [সার্কেল-১] , ঢাকা-১২১২।

৫১। ব্যবস্থাপনা পরিচালক, মিডল্যান্ড ব্যাংক লিমিটেড, এন.বি. টাওয়ার, ৪০/৭, নর্থ এভিনিউ, গুলশান-২, ঢাকা-১২১২।

৫২। নৌ সমরাস্ত্র পরিদর্শন কর্মকর্তা, নিউ মুরিং, বন্দর, চট্টগ্রাম।

৫৩। কমিশনার অব কাস্টমস, কাস্টমস হাউজ, চট্টগ্রাম।

অনুলিপিঃ

১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়/ সিনিয়র সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, সেগুন বাগিচা, ঢাকা।

৩। চেয়ারম্যানের একান্ত সচিব (মাননীয় চেয়ারম্যান এর সদয় অবগতির জন্য), বিইআরসি, ঢাকা।

৪। সদস্য (আইন/প্রশাসন ও অর্থ/ বিদ্যুৎ/গ্যাস ও পেট্রোলিয়াম) এর ব্যক্তিগত সহকারী (সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য), বিইআরসি, ঢাকা।

৫। পরিচালক (পেট্রোলিয়াম/গ্যাস/অর্থ ও হিসাব/বিদ্যুৎ) এর ব্যক্তিগত সহকারী (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), বিইআরসি, ঢাকা।

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০।
www.bb.org.bd

সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৪-১৯

২৮ আশ্বিন, ১৪২১
তারিখঃ-------------------
১৩ অক্টোবর, ২০১৪

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

***আমদানি নীতি আদেশ, ২০১২-২০১৫ এর আলোকে পেট্রোলিয়ামজাত পণ্য আমদানির লক্ষ্যে এলসি খোলার সময় বিইআরসি'র লাইসেন্স পরীক্ষা করা বাধ্যতামূলক করণ প্রসঙ্গে।***

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের (বিইআরসি) ০৯/০৯/২০১৪ তারিখের পত্র সূত্র নং-বিইআরসি/এলপিপি/লুব(গার্ডিয়ান)/২২৮/২৮৬৫ (কপি সংযুক্ত) এর প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

আমদানি নীতি আদেশ ২০১২-২০১৫ এর ৬ষ্ঠ অধ্যায়ের ২৬ (২৫), (২৭)(গ) ও (২৭)(ঘ) ধারা মোতাবেক বেসরকারী খাতের আমদানিকারককে পেট্রোলিয়ামজাত পণ্য আমদানির জন্য বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ অনুযায়ী এনার্জি রেগুলেটরী কমিশন এর লাইসেন্স প্রাপ্ত হবার বাধ্যবাধকতা রয়েছে। এছাড়া বাংলাদেশ এনার্জি রেগুলেটরীর কমিশন আইন, ২০০৩ এর ২৭ ও ২৮ ধারা অনুযায়ী বিইআরসির লাইসেন্স ব্যতীত কোন ব্যক্তি/প্রতিষ্ঠান পেট্রোলিয়ামজাত পণ্য মজুদকরণ, বিপণন ও বিতরণ, সরবরাহকরণ ব্যবসা করতে পারবে না মর্মে নির্দেশনা আছে।

এমতাবস্থায়, পেট্রোলিয়ামজাত পণ্য আমদানির জন্য কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের পক্ষে এলসি খোলার ক্ষেত্রে আমদানি নীতি আদেশ ২০১২-২০১৫ এবং বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ এর প্রযোজ্য নির্দেশনা যথাযথভাবে পরিপালনের পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত

**সংযুক্তিঃ বর্ণনানুযায়ী**

(মোঃ জাকির হোসেন চৌধুরী)
উপ মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন

টিসিবি ভবন (৪র্থ তলা), ১ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

ফ্যাক্স: +৮৮-০২-৮১৫৫৭৪৩, ওয়েব সাইট: www.berc.org.bd

নং- বিইআরসি/এলপিপি/লুব(গার্ডিয়ান)/২২৮/২৮৬৫ তারিখ ঃ সেপ্টেম্বর ০৯, ২০১৪।

**বিষয়ঃ আমদানি নীতি আদেশ, ২০১২-২০১৫ এর আলোকে পেট্রোলিয়ামজাত পণ্য (এইচ এস কোড নং-২৭.০৯, ২৭.১০, ২৭.১১, ২৭.১২ ও ২৭.১৩) আমদানির লক্ষ্যে এলসি খোলার সময় বিইআরসি'র লাইসেন্স পরীক্ষা করা বাধ্যতামূলক করণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষন পূর্বক সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) আইন, ২০০৩ এর ২৭ ও ২৮ ধারা অনুসারে পেট্রোলিয়ামজাত পণ্য মজুদকরণ, বিপণন ও বিতরণ, সরবরাহকরণ ব্যবসায় নিয়োজিত ব্যক্তি/প্রতিষ্ঠানকে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন হতে লাইসেন্স গ্রহনের বাধ্যবাধকতা আছে।

২। উপরন্তু ডিসেম্বর ১৯, ২০১২ তারিখে বানিজ্য মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত এস.আর.ও নং-৪১১-আইন/২০১২-Imports & Exports (Control) Act, 1950 এর Section 3 (1) এ আমদানি নীতি আদেশ ২০১২-২০১৫ এর ধারা ২৫, ২৭ (গ) ও ২৭ (ঘ) মোতাবেক পেট্রোলিয়ামজাত পণ্য (এইচ এস কোড নং-২৭.০৯, ২৭.১০, ২৭.১১, ২৭.১২ ও ২৭.১৩) আমদানির ক্ষেত্রে বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ অনুযায়ী বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন এর লাইসেন্স প্রাপ্ত হওয়ার নির্দেশনা আছে।

৩। এতদসত্ত্বেও কিছু প্রতিষ্ঠান কমিশন হতে লাইসেন্স গ্রহন ব্যতিরেকে এইচ এস কোড নং-২৭.০৯ হতে ২৭.১৩ এর আওতাধীন পেট্রোলিয়ামজাত পণ্য আমদানি করছে এবং কাস্টমস্ কর্তৃপক্ষ হতে মালামাল খালাস করতে না পেরে লাইসেন্সের জন্য কমিশনের শরনাপন্ন হয়। বিইআরসি'র লাইসেন্স পেতে হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে তার মজুদাগারের অবস্থান, নিরাপত্তা ব্যবস্থা, সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও ফায়ার সার্ভিসের অনাপত্তি পত্র সহ বেশ কিছু নিয়ম-নীতি অনুসরণ করতে হয়, যা কিছুটা সময় সাপেক্ষ। কিন্তু প্রতিষ্ঠানটির আমদানিকৃত পেট্রোলিয়ামজাত পণ্য বন্দরে আটকে থাকার কারনে দ্রুত লাইসেন্স প্রদান করতে গিয়ে অত্র কমিশনের অনুসৃত কর্মপদ্ধতি সঠিকভাবে পরিপালন করা সম্ভব হয়ে উঠে না।

৪। এ অবস্থা হতে উত্তরণের লক্ষ্যে পেট্রোলিয়ামজাত পণ্য (এইচ এস কোড নং-২৭.০৯, ২৭.১০, ২৭.১১, ২৭.১২ ও ২৭.১৩) আমদানির জন্য এলসি খোলার প্রাক্কালে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বিইআরসি'র লাইসেন্স প্রাপ্ত কিনা তা পরীক্ষা করে এলসি খোলার অনুমোদন প্রদানের জন্য সকল তফসিলী ব্যাংক সমূহ কে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ আমদানি নীতি আদেশের সংশ্লিষ্ট ধারা -১ (এক) পাতা।

কমিশনের নির্দেশক্রমে,

মোঃ হাবিবুর রহমান
সচিব
ফোনঃ ৯১৪ ০১২৫

গভর্নর
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ২য় এনেক্স বিল্ডিং
মতিঝিল, ঢাকা-১০০০।

**অনুলিপিঃ সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)ঃ**

০১। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লিমিটেড, ৩৫-৪২, ৪৪, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
০২। ব্যবস্থাপনা পরিচালক, অগ্রণী ব্যাংক লিমিটেড, ৯ডি, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।
০৩। ব্যবস্থাপনা পরিচালক, জনতা ব্যাংক লিমিটেড, ১১০ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
০৪। ব্যবস্থাপনা পরিচালক, পূবালী ব্যাংক লিমিটেড, ২৬, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।
০৫। ব্যবস্থাপনা পরিচালক, রূপালী ব্যাংক লিমিটেড, রূপালী ভবন, ৩৪, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।
০৬। ব্যবস্থাপনা পরিচালক, বেসিক ব্যাংক লিমিটেড, সেনা কল্যান ভবন (৬ষ্ঠ তলা), ১৯৫, , মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

চলমান পাতা

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
(আমদানি নীতি শাখা)

সূত্রঃ এফইপিডি(আমদানি নীতি)/১২৫/২০১৫-৮১৭৭

তারিখঃ ১৩/০৯/২০১৫

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী কর্মকর্তা
বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের প্রধান কার্যালয় ।

প্রিয় মহোদয়,

**আমদানি নীতি আদেশ, ২০১২-২০১৫ এর আলোকে পেট্রোলিয়ামজাত পণ্য (এইচ এস কোড নং-২৭.০৯, ২৭.১০, ২৭.১১, ২৭.১২ ও ২৭.১৩) আমদানির লক্ষ্যে এলসি খোলার সময় বিইআরসি'র লাইসেন্স পরীক্ষা করা বাধ্যতামূলককরণ প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলার পত্র নম্বর- এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৪-১৯, তারিখ-১৩/১০/২০১৪ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উল্লিখিত সার্কুলার পত্রে বর্ণিত নির্দেশনা সঠিকভাবে পরিপালিত হচ্ছে না মর্মে লক্ষ্য করা যাচ্ছে, যা অনাকাঙ্ক্ষিত। অতএব, পেট্রোলিয়াম জাত পণ্য (এইচ এস কোড নং-২৭.০৯, ২৭.১০, ২৭.১১, ২৭.১২ ও ২৭.১৩) আমদানির নিমিত্তে এলসি স্থাপনের ক্ষেত্রে উক্ত সার্কুলার পত্রে বর্ণিত নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট আমদানিকারক বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন (বিইআরসি) হতে লাইসেন্স প্রাপ্ত কি না তা বাধ্যতামূলকভাবে পরীক্ষা করার জন্য সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার শাখাসমূহকে পুনঃনির্দেশনা দিতে আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(মোঃ আব্দুল মান্নান)
উপ মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৩০৩১৯
ই-মেইলঃ abdul.mannan@bb.org.bd